

অভ্যন্তরীণ নৌ-চলাচল অধ্যাদেশ-১৯৭৬ ও সংশোধনী-২০০৫ এর কতিপয় ধারা সমূহ

অপরাধের ধারা	অপরাধের বিষয়	শাস্তির ধারা	শাস্তি সমূহ
ধারা - ১০	সার্ভে সার্টিফিকেট উন্মুক্ত স্থানে ঝুলাইয়া না রাখা।	ধারা - ৬২(ক)	মালিক ও মাস্টার উভয়েই তিন মাস পর্যন্ত কারাদন্ড বা ৫০০০/- টাকা অর্থদন্ড।
ধারা - ১৯	রেজিস্ট্রেশন নম্বর প্রকাশ্য স্থানে প্রদর্শন না করা	ধারা - ৬২(খ)	মালিক ও মাস্টার উভয়েই তিন মাস পর্যন্ত কারাদন্ড বা ৫০০০/- টাকা অর্থদন্ড।
ধারা - ৩৩	সার্ভে সার্টিফিকেট ও রেজিস্ট্রেশন সনদ (সত্যায়িত ফটোকপি প্রযোজ্য) ব্যতীত নৌ-যাত্রা নিষিদ্ধ	ধারা - ৬১(খ)	মালিক ও মাস্টার প্রত্যেকেই দুই বৎসর পর্যন্ত কারাদন্ড বা ৩০,০০০/- টাকা পর্যন্ত জরিমানা।
ধারা - ৫৪	বৈধ রুট পারমিট, সময় সূচী ও ভাড়ার তালিকা ব্যতীত নৌযাত্রা নিষিদ্ধ	ধারা - ৬১(ঘ)	মালিক ও মাস্টার প্রত্যেকেই দুই বৎসর পর্যন্ত কারাদন্ড বা ৩০,০০০/- টাকা পর্যন্ত জরিমানা।
ধারা - ৫৪ক	অনুমতি ব্যতীত উপকূলীয় জলসীমানায় চলাচল নিষিদ্ধ	ধারা - ৬৮খ	মালিক ও মাস্টার প্রত্যেকেই ২ বৎসর কারাদন্ড অথবা ৩০,০০০/- টাকা জরিমানা।
ধারা - ৫৫	ঝড়ের সংকেত থাকা অবস্থায় নৌযাত্রা নিষিদ্ধ	ধারা - ৬১ক	মাস্টারের ৩ বৎসর পর্যন্ত কারাদন্ড বা ৩০,০০০/- টাকা জরিমানা।
ধারা - ৫৬	জীবন রক্ষাকারী যন্ত্রপাতি এবং অগ্নি নির্বাপক যন্ত্রপাতি ছাড়া নৌযাত্রা নিষিদ্ধ	ধারা - ৬১(চ)	মালিক ও মাস্টারের ২ বৎসর পর্যন্ত কারাদন্ড বা ৩০,০০০/- টাকা জরিমানা।
ধারা - ৫৬ক	সংঘর্ষ এড়ানোর বিধান অনুসরণ না করা	ধারা - ৬১ক	মাস্টারের ৩ বৎসর পর্যন্ত কারাদন্ড বা ৩০,০০০/- টাকা জরিমানা।
ধারা - ৫৭ক	নাব্য নৌ-পথে মাছ ধরার জাল বা অন্য কোন ভাবে প্রতিবন্ধকতা সৃষ্টি করিতে পারবে না।	ধারা - ৬৮ক	ভংগকারী ব্যক্তি ১ বছর পর্যন্ত কারাদন্ড অথবা ২৫,০০০/- টাকা পর্যন্ত জরিমানা।
ধারা - ৫৮	যাত্রীবাহী নৌযানের ডেকে উপর মালামাল বহন করিবে না। (ক) খোলা ছাদের উপর যাত্রী বহণ নিষিদ্ধ; (খ) ডেকে উপর মালামাল পরিবহন নিষিদ্ধ; (গ) এমনভাবে যাত্রী বা মালপত্র, যাহাতে যাত্রী নিরাপত্তা ও পরিবহণ সংক্রান্ত বিধান লঙ্ঘিত হয়; (ঘ) বিপদজনক মালামাল পরিবহণ নিষিদ্ধ; (ঙ) অননুমোদিত কোন স্থানে কোন যাত্রী বা মালামাল পরিবহণ নিষিদ্ধ;	ধারা - ৬৮	(ক) মালিক - ৩০০০/- টাকা জরিমানা (খ) মাস্টার ৩ মাস পর্যন্ত কারাদন্ড অথবা ৩০০০/- টাকা পর্যন্ত জরিমানা।
ধারা - ৬০ক	অভ্যন্তরীণ নৌ-পথে বা আশে পাশে চলাচলকারী নৌযান বা নৌযানের স্থাপন রেজিঃ এবং নির্ধারিত পয়ঃনিষ্কাশন ব্যবস্থা ব্যতিরেকে ব্যবহৃত হইবে না এবং অভ্যন্তরীণ নৌযানের ক্রিয়াকলাপ এইরূপ ভাবে পরিচালনা করা যাইবে যা যাহাতে অভ্যন্তরীণ নৌ-পথের পরিবেশ দূষণ হইতে পারে।	ধারা - ৭২	সর্বোচ্চ ১০,০০০/- টাকা পর্যন্ত জরিমানা।
ধারা - ৬৬	সনদধারী মাস্টার-ড্রাইভার ব্যতীত নৌযান চালানো নিষিদ্ধ	ধারা - ৬৬(ক)	মালিককে ৩ বছর পর্যন্ত কারাদন্ড অথবা ৫০,০০০/- টাকা পর্যন্ত জরিমানা
ধারা - ৬৭	যাত্রীবাহী নৌযানে সার্ভে সনদে উল্লিখিত যাত্রী সংখ্যার অতিরিক্ত যাত্রী বহণ নিষিদ্ধ	ধারা - ৬৭ (খ)	মালিক/তাহার প্রতিনিধি/ মাস্টার যিনি যাত্রীর সময় উপস্থিত থাকেন - অতিরিক্ত প্রতিটি যাত্রীর জন্য ৩০০ টাকা হারে জরিমানা প্রদান করিবেন।

২৩/১০

THU 23 (M 7610)  
সংশোধন Condition

ধারা - ৬৭ক	অভ্যন্তরীণ নৌযানে অনিয়মিতভাবে মালামাল বোঝাই করা যাইবে না।	ধারা - ৬৭ক	নৌযানের মালিক/প্রতিনিধি যদি মালামাল উঠানো-নামানোর সময় নৌযানে অথবা টার্মিনালে উপস্থিত থাকে এবং নৌযানের মাস্টার অথবা উভয়ই জেল দণ্ডে দণ্ডিত হইবে যা দুই বৎসর পর্যন্ত বৃদ্ধি পেতে পারে অথবা জরিমানা যা পঞ্চাশ হাজার টাকা পর্যন্ত অথবা উভয় দণ্ডই হইতে পারে।
ধারা - ৬৭খ	মালবাহী নৌযানে লোড লাইনের অতিরিক্ত মালামাল পরিবহণ করিতে পারিবে না।	ধারা - ৬৭খ	মালিক বা মালিক প্রতিনিধি অথবা মাস্টার ২ বছর পর্যন্ত কারাদণ্ড বা ৫০,০০০/- টাকা পর্যন্ত জরিমানা।
ধারা- ৭০(১)(ক)	এরূপ কোন কর্ম করে যার দরুন নৌযান ডুবিয়া যায়, ধংস বা ক্ষতিগ্রস্থ হয় বা নৌযান বা আরোহীর জীবন বা অঙ্গহানীর আশংকা বা সম্পত্তি ধংস বা ক্ষতিগ্রস্থ হয়।	ধারা ৭০(১)	কর্তব্যরত ব্যক্তি ৫ বছর পর্যন্ত কারাদণ্ড বা ১০,০০০/- টাকা জরিমানা।
ধারা- ৭০(২)	অভ্যন্তরীণ নৌযান দ্বারা সংঘটিত নৌ দুর্ঘটনার ফলে কোন প্রাণহানী ঘটে এবং তা যদি মালিক, মাস্টার বা কোন অফিসার বা ক্রু সদস্যের অযোগ্যতা বা অসদাচরণ বা কোন আইন ভংগের দরুন ঘটিয়া থাকে।	ধারা ৭০(২)	নৌযানের মালিক, মাস্টার বা অন্য কোন অফিসার বা ক্রু সদস্য অথবা তাদের প্রত্যেকেই পাঁচ বছর পর্যন্ত কারাদণ্ড অথবা এক লক্ষ টাকা পর্যন্ত কিন্তু দশ হাজার টাকার নিচে নহে অর্থদণ্ড কিংবা উভয় দণ্ডেই দণ্ডিত হতে পারে।
ধারা - ৭২	যে সব ধারা ভংগ করিলে এ অধ্যাদেশে অন্যত্র কোন শাস্তির বিধান উল্লেখ নেই, কোন ব্যক্তি ইচ্ছাকৃত ভংগ করিলে	ধারা - ৭২	সর্বোচ্চ ১০,০০০/- টাকা পর্যন্ত জরিমানা।
	অধ্যাদেশের আওতায় কোন অপরাধ সংঘটিত হইয়া থাকে, তবে ঐ অপরাধ সংঘটনের সময় যে সব ব্যক্তি ঐ কোম্পানীর কার্য পরিচালনার জন্য ভারপ্রাপ্ত অথবা দায়িত্বপ্রাপ্ত থাকে সেই ক্ষেত্রে ঐ সকল ব্যক্তিও কোম্পানীর মতই অভিযুক্ত বিবেচিত হইবে এবং তাহাদেরকে বিচারে সোপর্দ ও শাস্তি প্রদান করা হইবে: তবে, এই উপধারায় আরোপিত শাস্তি হইতে ঐ ব্যক্তি রেহাই পাইতে পারে - যদি সে প্রমাণ করিতে পারে যে, সংঘটিত অপরাধ এড়ানোর জন্য সে সর্বাঙ্গিক প্রচেষ্টা গ্রহণ করিয়াছে।	ধারা - ৭৩	সর্বোচ্চ ১০,০০০/- টাকা পর্যন্ত জরিমানা।
	(২) (১) উপধারায় যাহাই থাকুক না কেন, যদি কোন কোম্পানী কর্তৃক এই অধ্যাদেশের আওতায় কোন অপরাধ সংঘটিত হইয়া থাকে এবং ইহা প্রমানিত হয় যে, উক্ত অপরাধ কোম্পানীর কোন পরিচালক, ম্যানেজার, সচিব অথবা অন্য কোন কর্মকর্তার সম্মতিতে অথবা যোগসাজশ, অথবা গাফিলতির কারণে সংঘটিত হইয়াছে, সেই ক্ষেত্রে এইরূপ পরিচালক, ম্যানেজার, সচিব অথবা অন্য কোন কর্মকর্তা অভিযুক্ত বিবেচিত হইবে এবং বিচারে সোপর্দ ও শাস্তি প্রদান করা হইবে।		

২০০০  
৫